দৈনিক ইনকিলাব

15

তারিখ ... 31 AUG 1998 ...
পৃঃ ... 22 ... কলাম ... 6 ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ ৬ সেপ্টেম্বর পর্যন্ত বন্ধ

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ গত রবিবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, অনুষদ সমূহের ডীন, হলের প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় দেশে বিরাজমান বন্যা পরিস্থিতি পর্যালোচনা করা হয় এবং ছাত্র-ছাত্রীদের দূর-দূরান্ত থেকে বিশ্ববিদ্যালয়ে যাতায়াতে অসুবিধা ও বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণের কথা বিবেচনা করে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ আজ ৩১ আগস্ট ১৯৯৮ থেকে আগামী ৬ সেপ্টেম্বর ১৯৯৮ তারিখ পর্যন্ত এক সপ্তাহের জন্য বন্ধ রাখার সুপারিশ করা হয়। বিশ্ববিদ্যালয়ের অফিস, লাইব্রেরী ও আবাসিক হলসমূহ যথারীতি খোলা থাকবে।

গতকাল সন্ধ্যা ৭-০০টায় ভিসির সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় উপরোক্ত সুপারিশ অনুমোদন করা হয়।

ছুটিকালীন সময়ে হলে অবস্থানকারী ছাত্র-ছাত্রীদেরকে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় বন্যা ত্রাণ কমিটির কার্যক্রমে সক্রিয় সহযোগিতা প্রদানের অর্থাৎ বন্যার্তদের জন্য ছাত্র-শিক্ষক কেন্দ্রে দৈনিক ১০ হাজার রুটি তৈরী, স্যালাইন তৈরী, খাদ্য, বিশুদ্ধ পানি ও অন্যান্য ত্রাণ সামগ্রী সংগ্রহ ও বিতরণ কাজ অব্যাহত রাখার জন্য সিন্ডিকেটের পক্ষ থেকে আহবান জানানো হয়।